

💵 হারাম ও কবিরা গুনাহ

বিভাগ/অধ্যায়ঃ হারাম ও কবীরা গুনাহ্ পরিচিতি রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

১০৮. কোন মহিলার নিজের উপর তার স্বামীর অবদান অস্বীকার করা

কোন মহিলার নিজের উপর তার স্বামীর অবদান অস্বীকার করা হারাম ও কবীরা গুনাহ্। আব্দুল্লাহ্ বিন্ 'আববাস্ (রাযিয়াল্লাহ্ আন্ছুমা) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন:

وَأُرِيْتُ النَّارَ فَلَمْ أَرَ مَنْظَرًا كَالْيَوْمِ قَطُّ أَفْظَعَ، وَرَأَيْتُ أَكْثَرَ أَهْلِهَا النِّسَاءَ، قَالُوْا: بِمَ يَا رَسُوْلَ اللهِ!؟ قَالَ: بِكُفْرِهِنَّ، قِيْلَ: يَكْفُرْنَ بِاللهِ؟ قَالَ: يَكْفُرْنَ الْعَشِيْرَ، وَيَكْفُرْنَ الْإِحْسَانَ، لَوْ أَحْسَنْتَ إِلَى إِحْدَاهُنَّ الدَّهْرَ كُلَّهُ ثُمَّ رَأَتْ مِنْكَ شَيْئًا قَالَتْ: مَا رَأَيْتُ مِنْكَ خَيْرًا قَطُّ.

"আমাকে জাহান্নাম দেখানো হলো। অথচ আজকের মতো এতো ভয়ঙ্কর দৃশ্য আমার জীবনে আমি আর কখনো দেখিনি। জাহান্নামের অধিকাংশ অধিবাসীকে আমি মহিলাই পেলাম। সাহাবারা বললেন: তা কেন হে আল্লাহ্'র রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম! তিনি বললেন: তারা কুফরী করেছিলো। বলা হলো: তারা কি আল্লাহ্ তা'আলার সাথে কুফরী করেছে? রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন: না, বরং তারা নিজ স্বামীর সাথে কুফরী করেছে তথা তার অবদান অস্বীকার করেছে। তুমি যদি তাদের কারোর প্রতি পুরো জীবন অনুগ্রহ করলে আর সে হঠাৎ তোমার পক্ষ থেকে (তার রুচি বিরুদ্ধ) কোন কিছু পেয়ে গেলো তখন সে নির্দ্ধিণায় বলে ফেলবে: আমি কখনোই তোমার কাছ থেকে ভালো কিছু দেখতে পাইনি"।

(বুখারী ১০৫২; মুসলিম ৯০৭)

Source — https://www.hadithbd.com/books/link/?id=6784

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন